

## সাধারণ রোগীর রেজিষ্টার ব্যবহারের নিয়মাবলী

(রেজিষ্টারটি ব্যবহার শুরু করার পূর্বে এই নির্দেশিকাটি ভালভাবে পড়ে নির্দেশনামত সঠিকভাবে তথ্য লিখতে হবে।)

- প্রাথমিক করণীয় : রেজিষ্টারটি ব্যবহার শুরু করার পূর্বে অবশ্যই রেজিষ্টারের ১ম পাতায় রেজিষ্টারের মোট পাতা সংখ্যা উল্লেখ করে যথাযথ কর্মকর্তা কর্তৃক প্রত্যায়নমূলক স্বাক্ষর করিয়ে নিতে হবে।
- কলাম নং ১ : কমিউনিটি ক্লিনিক হতে দৈনন্দিন স্বাস্থ্য সেবাদান শুরু করার পূর্বে সেবাদানের তারিখটি এই কলামে লিখতে হবে এবং তারিখের নিচে একইদিনে আগত সেবাপ্রার্থীদের নাম ধারাবাহিকভাবে ক্রমিক নম্বর দিয়ে লিখতে হবে ফলে সহজেই দৈনিক রোগীর সংখ্যা জানা যাবে।
- কলাম নং ২ : এই কলামে রোগীর রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে। রেজিস্ট্রেশন নম্বর দুই ভাগে লিখতে হবে। ১ম ভাগে বাৎসরিক নম্বর যা জানুয়ারী মাসের ১ম কর্মদিবসে শুরু হয়ে ডিসেম্বর মাসের শেষ কর্মদিবস পর্যন্ত ধারাবাহিকভাবে চলবে। আর ২য় ভাগে মাসিক নম্বর যা প্রতি মাসের ১ম কর্মদিবসে শুরু হয়ে মাসের শেষ কর্মদিবস পর্যন্ত ধারাবাহিকভাবে চলবে।
- কলাম নং ৩ : এই কলামে রোগীর পরিচিতিমূলক সাধারণ তথ্য অর্থাৎ রোগীর নাম, ঠিকানা (পাড়া/গ্রাম), ইত্যাদি লিখতে হবে।
- কলাম নং ৪-১০ : এই কলামগুলিতে যথাক্রমে রোগীর লিঙ্গ ও বয়স বিভাজন করা হয়েছে। প্রত্যেক রোগীর জন্য প্রযোজ্য লিঙ্গ ও বয়সের কলামে টিক (✓) চিহ্ন দিতে হবে।
- কলাম নং ১১ : এই কলামে সেবাপ্রার্থীতার মূল সমস্যা বা রোগের প্রধান লক্ষণ/উপসর্গ লিখতে হবে।
- কলাম নং ১২ : এই কলামে সেবাপ্রার্থীতার সম্ভাব্য রোগের নাম বা রোগের গোত্রীয় নাম লিখার জন্য ব্যবহার করতে হবে।
- কলাম নং ১৩ : এই কলামে সেবাপ্রার্থীতাকে প্রদত্ত ঔষধের নাম, পরামর্শ ইত্যাদি লিখতে হবে।
- কলাম নং ১৪ : এই কলামে সেবাপ্রার্থীতাকে প্রদত্ত স্বাস্থ্য সেবার নাম, পরামর্শ ইত্যাদি লিখতে হবে।
- কলাম নং ১৫ : সেবা গ্রহীতাকে যদি সেবা গ্রহণের জন্য উচ্চতর কোন স্বাস্থ্য প্রতিষ্ঠানে প্রেরণ করা হয় সেক্ষেত্রে এই কলামে রেফারকৃত প্রতিষ্ঠানের নাম লিখতে হবে। একই সঙ্গে মন্তব্য লিখার জন্য এই কলাম ব্যবহার করা যেতে পারে।
- শেষ সারি (Row) : দৈনিক সেবাদান শেষে রেজিষ্টার পৃষ্ঠার নীচের সারিতে (Row) “দৈনিক মোট সংখ্যা” চিহ্নিত সারির সংশ্লিষ্ট কলামে সেবাদান বিষয়ক তথ্যের সমষ্টি লিখতে হবে। এতে দৈনিক মোট পুরুষ, মহিলা, বয়স ভিত্তিক (৫-৯, ১০-১৯, ২০-৪৯, ও ৫০+) এবং রেফারকৃত রোগীর সংখ্যা পাওয়া যাবে। এভাবে মাসের মোট কার্যদিবসের রোগীর তথ্য একত্রে যোগ করলে মাসিক নির্ভুল তথ্য পাওয়া যাবে।
- সাবধানতা : সেবাদান বিষয়ক সঠিক তথ্য পাওয়ার জন্য সেবাদানের পাশাপাশি রেজিষ্টারটিতে যথাযথভাবে নিয়মিত তথ্য লিখে সম্পন্ন করতে হবে।

